# Delhi Public School, Howrah

**FINAL EXAMINATION (2024-2025)**

**Class- VIII**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject: - BENGALI (2nd Language)**

**Time: -3 Hours** **F.M.-80**

## Section-A: Comprehension

**1. নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো :** 5×2=10

A. মহাভারতে আছে কুরুক্ষেত্র যুদ্ধের কথা। দ্রোণাচার্য যখন চক্রব্যূহ নির্মাণ করেন তখন পাণ্ডবপক্ষের অর্জুন যুদ্ধভূমি থেকে অনেক দূরে। অর্জুনপুত্র অভিমন্যু চক্রব্যূহ ভেদ করে ভিতরে তো ঢুকলেন কিন্তু বের হওয়ার কৌশল না জানায় অসহায়ভাবে মারা গেলেন। পরিবেশের সঙ্গে উন্নয়নের সম্পর্ক অভিমন্যুর এই চক্রব্যূহে প্রবেশের মত। এ যেন ভুলভুলাইয়া। উন্নয়নে জলাঞ্জলি। তাই কারোর মতে পরিবেশ ও উন্নয়নের সম্পর্ক অহি-নকুল, কারোর মতে মনিকাঞ্চন যোগ আছে পরিবেশ আর উন্নয়নে।

গাছপালা জীবজগৎকে নিয়ে মানুষের সুস্থ সুন্দরভাবে বেঁচে থাকার জন্য যে পারিপার্শ্বিক অবস্থার প্রয়োজন তাকেই বলে পরিবেশ। পরিবেশ হল সেই অবস্থা যেখানে মানুষের সঙ্গে প্রকৃতির সুনিবিড় সম্পর্ক গড়ে ওঠে। পরিবেশের সঙ্গে প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক অবস্থাও জড়িত থাকে।

বেঁচে থাকার জন্য পাঁচটি মৌলিক চাহিদা হল খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা এবং শিক্ষা। সভ্যতার বিকাশ নির্ভর করে উৎপাদন করার ক্ষমতা বৃদ্ধির উপর। যন্ত্রাংশ ও কাঁচামালের যথাযথ যোগান এবং সামগ্রিক মানবসম্পদকে ব্যবহার করে মাথাপিছু উদ্বোধন বৃদ্ধিকেই বলে উন্নয়ন। এ যেন অন্ধকারাচ্ছন্ন সিঁড়ি ভেঙে আলোয় উঠে আসা। কৃষি ও পশুপালনের যুগ পেরিয়ে শিল্প স্থাপন, খনিজ সম্পদ উত্তোলন, কৃষি ও শিল্পের পরিপূরক বিকাশ- এরই নাম উন্নয়ন।

**a) পরিবেশ হল-**

i) গাছপালা জীবজগৎকে নিয়ে সুস্থ সুন্দরভাবে বাঁচার জন্য যে পারিপার্শ্বিক অবস্থার প্রয়োজন

ii) গাছপালা নদী পাহাড় প্রকৃতি নিয়ে চারপাশের যা উপকরণ।

iii) মানুষ ও অন্যান্য প্রাণী নিয়ে গঠিত সমাজ

iv) প্রকৃতির বিভিন্ন উপাদান ও মানুষ নিয়ে গঠিত সমাজ

**b) অর্জুনপুত্র অভিমন্যু চক্রব্যূহে ঢুকে অসহায়ভাবে মারা গেলেন।**

কারণ ক: তার চক্রব্যূহ থেকে বার হওয়ার কৌশল জানা ছিল না।

কারণ খ: তাঁর পিতা অর্জুন যুদ্ধ ভূমি থেকে অনেক দূরে ছিলেন।

i) কারণ ক ঠিক খ ভুল

ii) কারণ ক ভুল খ ঠিক

iii) কারণ ক এবং খ দুটোই ঠিক

iv) কারণ ক এবং খ দুটোই ভুল

**c) সভ্যতার বিকাশ কিসের ওপর নির্ভর করে?**

i) পরিবেশের উপর

ii) মৌলিক চাহিদার উপর

iii) উৎপাদন ক্ষমতা বৃদ্ধির উপর

iv) রাজনৈতিক ও সাংস্কৃতিক অবস্থার উপর

**d) অহি-নকুল সম্পর্ক মানে –**

i) দৃঢ় বন্ধুত্ব

ii) চিরশত্রুতা

iii) হরিহর আত্মা

iv) বন্ধুত্ব

**e) 'উন্নয়ন'- শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-**

i) উ + নয়ন

ii) উদ + নয়ন

iii) উদন + য়ন

iv) উৎ + নয়ন

B. সন্ধ্যার পরে সুকিয়াকি---অর্থাৎ বিশুদ্ধ জাপানি প্রথায় ভোজন। স্থান- কোবে শহরের একটি ক্লাব; অতিথিরা জন কুড়ি হবেন। ছোটো নিচু একতলা বাড়ি, ভিতরে- বাইরে, যাকে বলে সুচারু ঠিক তাই। লাল টালির ঢালু ছাদ যেন এগিয়ে এসে আশ্রয় দিচ্ছে। আমরা কাছে আসতেই টানা দরজা খুলে গেল। দুটি সুন্দরী পরিচারিকা হাঁটু ভেঙ্গে বসে অভ্যর্থনা জানালো, ঢেউ খেলানো ভঙ্গিতে ঘাসের চটি এগিয়ে দিল সকলকে। খাস জাপানি ঘরে রাস্তার জুতো পায়ে কেউ ঢোকে না; টুপি ওভারকোটের মতো চর্মপাদুকাও বাইরে ত্যাজ্য। দুটো ছোটো কামরা পেরিয়ে খাবার ঘরে এলাম। বাঁশ আর কাঠ মিলিয়ে দেয়াল, কাঠের মেঝে সূক্ষ্ম মাদুরে আবৃত। দেয়ালে ঝুলছে জাপানি চিত্রকলার নমুনা, টবে রাখা বেটে গাছের ভঙ্গিমায় এদের উদ্ভিদবিদ্যার প্রমাণ দাঁড়িয়ে। আসবাবের মধ্যে কয়েকটি নীচু ও চৌকো টেবিল (নীচু মানে আমাদের জলচৌকির মতো), তাদের ঘিরে ধবধবে সাদা কুশান পাতা, পিছনে একটি করে লোহার চুল্লি তাপ বিলোচ্ছে। এক-এক টেবিলে চারজন করে বসা হলো। টেবিলের মধ্যস্থলে গোল করে খাঁজ কাটা, তাতে রক্তবর্ণ গালার পাত্র বসানো। আমরা বুঝতে পারিনি ওটার কী ব্যবহার, কিন্তু একটু পরে দেখা গেল তারই তলায় কাঠ-কয়লার আগুন জ্বলছে- ওই পাত্রেই রান্না হবে। পরিচারিকারা দিয়ে গেল প্রতিজনকে দুটি করে ফল, এক চামচে সোয়াবিনের চাটনি, সামনে রাখলে একটি করে বাটি ও ভেজনশলাকা (আমরা কাটা চামচে নিলুম), আর ডানদিকে কুঁজো আর গ্লাস। কুঁজোতে আছে সাকে, শীতের জন্য তাতিয়া আনা হয়েছে। ফরাসিদের যেমন ভ্যা, জার্মানিদের বিয়ার, জাপানিদের তেমনি সাকে; এই অন্নজাত লঘু ও বর্ণহীন সুরা এদের খাদ্যের সঙ্গে নিত্যপেয়। কিন্তু সেবনের পদ্ধতিতে তফাত অনেক। সাকের গ্লাসে আঙুল ডোবালে এককড়ের বেশি ভেজে না, আর পেট-মোটা সরু গলা কুঁজোর ছয় ইঞ্চি আন্দাজ উঁচু। প্রথমে একবার গলা ভিজিয়ে নিলেন সবাই, তারপর রান্না আরম্ভ হল।

**a) সুকিয়াকি মানে-**

i. জাপানিদের ধন্যবাদ জানানোর পদ্ধতি

ii. বিশুদ্ধ জাপানি প্রথার ভোজন

iii. একরকম জাপানি কুঁজো

iv. জাপানিদের একটি অনুষ্ঠানের নাম

**b) মন্তব্য: ঢেউ খেলানো ভঙ্গিতে ঘাসের চটি এগিয়ে দিল সকলকে।**

**কারণ ক: জাপানিতে ঘাসের চটি ছাড়া আর অন্য কোনো রকম চটি পাওয়া যেত না।**

**কারণ খ: জাপানিরা ঘরে রাস্তার জুতো পড়তো না।**

i. কারণ ক ঠিক খ ভুল

ii. কারণ ক ভুল খ ঠিক

iii. কারণ ক এবং খ দুটোই ঠিক

iv. কারণ ক এবং খ দুটোই ভুল

...টেবিলের বৈশিষ্ট্য কী?

...টেবিলের মাঝখানে চৌকো করে খাঁজ কাটা তার মাঝখানে একটা ফুলদানি রাখা।

ii. টেবিলের মাঝখানে কোনরকম খাঁজ কাটা নেই বরং টেবিলটি অনেক বড় এবং সাজানো গোছানো।

iii. টেবিলের মাঝখানে তো আয়তক্ষেত্রকার একটি গর্ত করা, সেখানে নানা রকমের সুন্দর সুন্দর খাবার সাজানো।

iv. টেবিলের মাঝখানে গোল করে খাঁজ কাটা তাতে লাল গালার পাত্র বসানো এবং তার নীচে কাঠ কয়লার উনুন জ্বলছে।

**d) এখানে কীসের চাটনির কথা বলা হয়েছে?**

i. সয়াবিনের

ii. ফলের

iii. একরকম সবজির

iv. আমের

**e) আমরা কাছে আসতেই টানা দরজা খুলে গেল। - যৌগিক বাক্যে পরিবর্তন করলে হবে-**

i. আমরা যখন কাছে এলাম তখন টানা দরজা খুলে গেল।

ii. আমরা কাছে এলাম এবং টানা দরজা খুলে গেল।

iii. আমরা কাছে আসতে না আসতেই টানা দরজা খুলে গেল।

iv. উপরের কোনোটিই নয়।

## Section-B: Grammer

**2. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ:** **(0.5×4=2)**

**a) কানের মাথা খেয়েছো নাকি।-এই বাক্যে কান অর্থে বোঝায়-**

i. প্রহার ii. অধীনতা iii. বধিরতা iv. দিব্যি দেওয়া

**b) 'মনমাঝি' হল-**

i. রূপক কর্মধারয় সমাস

ii. উপমান কর্মধারয় সমাস

iii. উপমিত কর্মধারয় সমাস

iv. মধ্যপদলোপী কর্মধারয় সমাস

**c) নিচের কোনটি সন্দেহবাচক বাক্য?**

i. দুই বাড়িতে গিয়ে দেখি কাকু এসেছেন।

ii. যদি তুমি আসো তবে আমি যাব।

iii. রবীন্দ্রনাথের নামটা হয়তো এখন অনেকে ভুলেই গেছে।

iv.এ জগতে কে না সুখী হতে চায়?

**d) কর্মবাচ্যে প্রধান হলো-**

i. ক্রিয়া ii. কর্ম iii. কর্তা iv. ক্রিয়ার ভাব

**3. নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো:** **(1×4=4)**

a) এ কাজ করা তোমার উচিত হবে না। (অনুজ্ঞাসূচক বাক্যে)

b) বিদ্বান হলেও তাঁর অহংকার নেই। (যৌগিক বাক্যে)

c) সে দরিদ্র বটে, কিন্তু সত্যবাদী। (জটিল বাক্যে)

d) সে অনেক দিনের কথা। (নেতিবাচক বাক্যে)

**4. নির্দেশ অনুযায়ী বাচ্য পরিবর্তন করো:** **(1×3=3)**

a) আমি একাজ পারব না। ( কর্মবাচ্যে)

b) তোমার দ্বারা অবাস্তব চিন্তা করা হয়।( কর্তৃবাচ্যে)

c) বাবুমশাই আসুন। (ভাববাচ্যে)

**5. উপসর্গ ও অনুসর্গের পার্থক্য লেখ।** **(2)**

6. 'চোখ' শব্দটি তিনটি ভিন্নার্থক বাক্যে প্রয়োগ কর।

7. নিচের উপসর্গগুলি দ্বারা শব্দ তৈরি করো এবং প্রত্যেক শব্দ দিয়ে একটি করে বাক্য গঠন কর: (1×4=4)

a) কু b) অনু c) পরি d) প্র

8. প্রয়োজনমতো সন্ধিযুক্ত ও বিচ্ছেদ করো: (0.5×4=2)

a) মনস্তাপ b) তেজঃ + ক্রিয় c) দুর্দশা d) শিরঃ + উপরি

9. বানানগুলি শুদ্ধ করে লেখ। (0.5×4=2)

a) প্রতিযোগীত b) শ্রমজীবি c) ব্যাতিক্রম d) বন্ধনীয়

10. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর: (1×5=5)

a) স্বর্ণবলয় b) হাসিকান্না c) চৌমাথা d) দেশপ্রেম e) সস্ত্রীক

## Section-C: Main Course Book & Supplementary Reader / Non-detailed Text

11. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখঃ (যে কোনো পাঁচটি) (1x5=5)

a) যোগেন পণ্ডিত কাকে ভীষণরকম পিটিয়েছিলেন?

i. তাঁর প্রাক্তন এক ছাত্রকে ii. একটি ছাত্রের বাবাকে

iii. দারোগাবাবুর ডেঁপো ছেলেকে iv. একটি চোরকে

b) "পার্টিশানের সময় বাবা চলে এসেছেন।" – 'পার্টিশান' বলতে এখানে কোন্ ঘটনার কথা বোঝানো হয়েছে?

i. দুই জার্মানির বিভাজনের কথা ii: স্বাধীনতার সময় ভারত বিভাজনের কথা

iii. পাকিস্তান আফগানিস্তান বিভাজনের কথা iv. এগুলোর কোনটিই নয়

c) পরোপকারটা সকলের আসে না। অধিকাংশ মানুষই স্বার্থপর হয়।– কার ক্ষেত্রে একথা খাটে না?

i. ভবতারণ দত্ত ii. জয়ন্ত বোস iii. ড্রাইভার iv. অমিয়নাথ সরকার

d) যোগেন পণ্ডিতের উচ্চতা কত?

i. পাঁচ ফুট ii. ছ'ফুট iii. ছ'ফুট দুই iv. পাঁচ ফুট তিন

e) মন্তব্যঃ তোর চিঠিটা পেয়ে খুশি হলাম।

কারণ ক: সে অধীরভাবে এই চিঠিটার অপেক্ষা করছিল।

কারণ খ: চিঠিটা তার ছোটবেলার এক প্রিয় বন্ধুর।

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

f) মন্তব্য: গতিক মন্দ বুঝে দারোগাবাবু সরে পড়লেন।

কারণ ক: যোগেন পণ্ডিত খুবই রাশভারী লোক।

কারণ খ: স্কুল ইনস্পেকটর যোগেন পণ্ডিতের প্রাক্তন ছাত্র।

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

12. সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখ: (যে কোনো ছয়টি) (1x6=6)

a) রমেনের বাবা কোথাকার আড়তদার?

i. মাধবপুরের ii. ধনেশগঞ্জের iii. নিতাইগঞ্জের iv. ধনেশপুরের

ন্তব্য: দোকানের দুজন কর্মচারীকে ছাঁটাই করলেন।
রণ ক: তারা বাজারের পয়সা চুরি করছিল।
কারণ খ: শোভাবাজারের চৌধুরীদের যে কাপড়ের দোকান আছে, তাতে লাভের অংক কমে গেল।

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

c) প্রথম দিন রেনু কত টাকা দিয়ে ধূপকাঠি কিনেছিল?

i. চার আনা ii. দুই আনা iii. তিন আনা iv. বিনামূল্যে

d) 'এসব কী হচ্ছে?'- একথা কে কাকে বলেছিল?

i. ম্যাজিস্ট্রেট সাহেব হর্ষনাথকে বলেছিল। ii. যোগেন পন্ডিত তার ছাত্রদের বলেছিল।

iii. বাড়ির বড়োবউ রেনুকে বলেছিল। iv. হর্ষনাথ তার ছেলে রমেনকে বলেছিল।

e) মন্তব্য: দামি দামি ভেট নিয়ে সে সটান হাজির হলো একেবারে ম্যাজিস্ট্রেট সাহেবের বাড়িতে।
কারণ ক: রমেন ম্যাজিস্ট্রেট সাহেবের ছেলেকে মেরেছিল।
কারণ খ: ম্যাজিস্ট্রেট সাহেবেকে চটালে হর্ষনাথের কালোবাজারি আর চলবে না।

i. কারণ ক ও খ দুটোই ঠিক

ii. কারণ ক ও খ দুটোই ভুল

iii. কারণ ক ঠিক খ ভুল

iv. কারণ ক ভুল খ ঠিক

f) কোন গলি দিয়ে প্রায়ই ফেরিওয়ালা যায়?

i. রামদাস লেনের গলি ii. রমাসেন স্ট্রিটের গলি

iii. রামকান্ত বোস স্ট্রিটের গলি iv. রমাদাস লেনের গলি

g) মন্তব্য: ছেলেকে সূর্যপদর জিম্মায় দেওয়ায় রমেনের মা একটু আপত্তি করেছিল।
কারণ: সূর্যপদ স্বদেশি করেন ফলে রমেন তাঁর কাছে থাকলে বিগড়ে যেতে পারে।

i. মন্তব্য সঠিক কারণ ভুল।

ii. মন্তব্য ও কারণ উভয় ভুল।

iii. মন্তব্য ভুল কারণ সঠিক।

iv. মন্তব্য ও কারণ উভয় সঠিক।

13. "এই সম্পর্কটাই আসল। পুরোনোটা কিছু না।" -কোন প্রসঙ্গে বক্তা কথাগুলি বলেছিলেন? (2)

14. 'আমি আর এখানে থাকবো না ভূতনাথ! কালই এখান থেকে চলে যাব।'- বক্তা কে? বক্তা কেন আর সেখানে থাকবে না? আলোচ্যমান অংশে বক্তার চরিত্রের কোন্ দিক ফুটে উঠেছে তা লেখ। (1+2+2=5)

15. "তাছাড়া দু'জনে এত মিল, সেটাও তো একটা আশ্চর্য ব্যাপার।"- বক্তা কে? 'দুজনে' বলতে কাদের কথা বলা হয়েছে? কী কী বিষয়ে তাদের মিল দেখা গিয়েছে? (1+1+3=5)

16. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ: (5)

"একটা দুটো সহজ কথা
বলব ভাবি চোখের আড়ে
জৌলুশে তা ঝলসে ওঠে
বিজ্ঞাপনে, রংবাহারে।"

OR,

"সাল মাহিনার হিসেব তো নেই, জষ্টি কি বৈশাখ
মাসিপিসির কোলে-কাখে চালের বস্তা থাক।"

17. **"অনেকগুলো পেট বাড়িতে"**- কাদের বাড়ির কথা বলা হয়েছে? অনেকগুলো পেট হলেও তাদের উপার্জন কেমন? কিভাবে তারা উপার্জন করে তা বুঝিয়ে বলো। (1+2+2=5)

OR,

**'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে'**- কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত? কবিতাটির নামকরণের যথার্থতা বিচার কর। (1+4=5)

## Section – D: Creative Writing

19. **নিম্নলিখিত বিষয় অবলম্বনে একটি পত্ররচনা কর:** (5)

একটি বনভোজনের অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখো।

OR,

বাংলা ভাষা শিক্ষার প্রয়োজনীয়তার কথা জানিয়ে তোমার ছোট ভাই বা বোনকে একটি চিঠি লেখো।

20. **নিম্নলিখিত বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা কর:** (5)

কুম্ভমেলা ২০২৫

OR,

কলকাতা পুস্তক মেলা ২০২৫